

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৪. ঋতুবতী নারীর মসজিদ থেকে কিছু নেয়া

باب فِي الْحَائِضِ تُنَاوِلُ مِنَ الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةً، عَنِ الأَعْمَشِ، عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ، عَنِ الْقُاسِمِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ لِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " نَاولِينِي الْخُمْرَةَ مِنَ الْمَسْجِدِ ". فَقُلْتُ إِنِّي حَائِضٌ. فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّ مِنَ الْمَسْجِدِ ". فَقُلْتُ إِنِّي حَائِضٌ. فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّ حَيْضَتَكِ لَيْسَتْ فِي يَدِكِ ".

_ صحيح : م

বাংলা

২৬১। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, মাসজিদ থেকে চাটাই এনে দাও। আমি বললাম, আমি তো ঋতুবতী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার হায়িয় তো তোমার হাতে লেগে নেই।[1]

সহীহ : মুসলিম।

English

'Aishah said:

The Messenger of Allah (May peace be upon him) said to me; Get me the mat from the mosque. I said; I am menstruating. The Messenger of Allah (May peace be upon him) then replied: Your menstruation is not in your hand.

ফুটনোট



- [1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ ঋতুবতী অবস্থায় মাসজিদ থেকে কিছু আনা, হাঃ ১৩৪, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ২৭১), দারিমী (হাঃ ৭৭১), আহমাদ (৬/৪৫, ১০১, ১১৪, ১৭৩, ২২৯), সকলেই সাবিত ইবনু 'উবাইদ সূত্রে।
- এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ
- ১। হায়িযগ্রস্তার সাথে সঙ্গম করা হারাম। এ ব্যাপারে সকলে একমত।
- ২। হায়িযগ্রস্তার সাথে সঙ্গম ব্যতীত অন্যান্য আনন্দ ভোগ করা জায়িয।
- ৩। হাদিয়া কবুল করা এবং তা থেকে অন্যকে কিছু দেয়া মুস্তাহাব।
- ৪। স্বামীর উচিত, স্ত্রীর সাথে কোমল ব্যবহার ও এমন আচরণ করা যদ্বারা স্ত্রী আনন্দিত হয়।
- ে। ঋতুবতী মহিলার মাসজিদ থেকে হাত দিয়ে কিছু নেয়া জায়িয।
- ৬। ঋতুবতী স্ত্রীর সাথে একত্রে পানাহার জায়িয। হায়িয় অবস্থায় তাদের উচ্ছিষ্ট খাবার ও দেহের অঙ্গ প্রত্যঙ্গ পবিত্র। যেমন, হাত ও অনুরূপ অঙ্গ।
- ৭। ঋতুবতী স্ত্রীর কোলে মাথা রাখে কুরআন তিলাওয়াত জায়িয।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন